

- ১০২ -
ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্রঃ নং-১। ২০২৪-২০২৫ ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত কর্ম-পরিকল্পনার ফটোকপি।

সংযুক্ত ক্রঃ নং-২। সর্বশেষ পূর্ব-অনুমোদিত দর।

সংযুক্ত ক্রঃ নং-৩। মেসার্স মা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এর কাগজ পত্র।

সংযুক্ত ক্রঃ নং-৪। আলোচ্য সরবরাহ কাজের প্রাক্কলন।

Sub: Rewinding, Repairing, Maintenance & Servicing of 30 KW Back Wash Pump Motor.

০১। সংযুক্ত ক্রঃ নং ০১ হতে ০৪ দয়া করে দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ফিল্টার ব্যাক ওয়াস এর ৩০ কিলোওয়াট এর তিনটি পাম্প মটর রহিয়াছে। আলোচ্য পাম্প ও মটর গুলি পর্যায় ক্রমে ২৪ ঘন্টা চালানো হয়। সায়েদাবাদ পানি শোধনাগারে পানি উৎপাদন সঠিক রাখতে পাম্প ও মটর গুলি কার্যকারিতা সার্বক্ষণিক সঠিক থাকা প্রয়োজন। উল্লেখ্য যে, পাম্প মটরের কার্যক্ষমতা সঠিক রাখার লক্ষ্যে ইহাদের রক্ষণাবেক্ষণ ও আনুষঙ্গিক কাজ করানো বিশেষ প্রয়োজন। পাম্প গুলি প্লান্ট চালু হওয়ার পর থেকে এখনো যথাযথ ভাবে চলমান আছে। পাম্পের শ্যাফট, কাপিং ও বিয়ারিং পাম্প মোটর গুলোর রিয়ারিং হাউজিং, স্লিভ ঘর্ষনের ফলে ক্ষয়প্রাপ্ত হয় এবং বিয়ারিং সমূহের বল, রোলার ক্ষতিগ্রস্ত হয়ে জ্যাম হয়ে যায়। এছাড়া নাট বোল্ট, ওয়াটারসীল, মেকানিক্যাল সীল, গ্ল্যাড পেকিং সহ বিভিন্ন যন্ত্রাংশ ক্ষতিগ্রস্ত হয়ে লিকেজ দেখা দেয় যা পরিবর্তন করা প্রয়োজন। তাছাড়া পাম্প মোটরের কার্যক্ষমতা স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রতি বছরের ন্যায় রুটিন সার্ভিসিং ও আনুষঙ্গিক কাজ করা প্রয়োজন। সেই কারনে পানি সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক ও পাম্প মোটর গুলোর আয়ুষ্কাল বৃদ্ধির লক্ষ্যে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করে উপস্থাপন করা হয়েছে (ক্রঃ নং-৪ দ্রঃ)। যাতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা: ৪,৮৬,২০০.০০ (চার লক্ষ ছিয়াশি হাজার দুইশত) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে।

২। উক্ত কাজটি PPR ২০০৮ এর ৭৬(১)(ট) ধারাতে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) তে সম্পাদন করা যেতে পারে। কাজটি চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম-পরিকল্পনার ও এন্ড এম খাতের সিরিয়াল নং M-67, W-61 এ DPM তে ধরা আছে।

৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Rewinding, Repairing, Maintenance & Servicing of 30 KW Back Wash Pump Motor. কাজটি পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ও ঢাকা ওয়াসার বৈদ্যুতিক ও যান্ত্রিক তালিকা ভুক্ত ঠিকাদার মেসার্স মা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং কাজের জন্য উপস্থাপিত মোট- ৪,৮৬,২০০.০০ (চার লক্ষ ছিয়াশি হাজার দুইশত) টাকার প্রাক্কলনটি আর্থিক কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম) সদয় অনুমোদন দেওয়া যেতে পারে। যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।

Signature
1/6/25
ফাতেমা আক্তার
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

Signature
01.06.25
সৈয়দ মোঃ মাহফুজুর রহমান
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

Signature
05/07/25
মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

Signature
01.06.25
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

৪৪৭

Signature
02/06/25
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা